ভোরের কাগজ

JUN. 1 8 2002

# জামালপুরে কলেজ গভর্নিং কমিটির সভা আহ্বানকে কেন্দ্র করে সৃষ্ট উত্তেজনায় ১৪৪ ধারা জারি

জামালপুর প্রতিনিধি : জামালপুর সদরের ঝাউলা গোপালপুর এলাকায় কলেজ গভর্নিং বডিরস ভা আহ্বানকে কেন্দ্র করে বিএনপির দুপক্ষের মধ্যে উত্তেজনাকর পরিস্থিতিতে স্থানীয় প্রশাসন সেখানে ১৪৪ ধারা জারি করেছে।

জানা গেছে, সম্প্রতি ঝাউলা গোপালপুর কলেজের গভর্নিং বডির সভাপতি হিসেবে সাবেক উপমন্ত্রী বিএনপি নেতা সিরাজুল হককে মনোনয়ন দেওয়া হয়; এই মনোনয়ন দেন জেলার দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী মে. জে (অবঃ) আনোয়ারুল কবীর তালুকদার। পরে প্রতিমন্ত্রী অজ্ঞাত কারণে সিরাজুল হককে বাদ দিয়ে জেলা বিএনপির আহ্বায়ক আমজাদ হোসেন মল্লিককে ওই কলেজের গভর্নিং বডির সভাপতি করার জন্য সংশ্লিষ্ট বোর্ডে ডিও লেটার পাঠান। এ অবস্থায় সাবেক উপমন্ত্রী সিরাজুল হক গতকাল গভর্নিং কমিটির সভা আহ্বান করলে সেখানে দুপক্ষের সমর্থকদের মধ্যে উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হয়। এর পরিপ্রেক্ষিতে স্থানীয় প্রশাসন সেখানে ১৪৪ ধারা জারি করে ব্যাপক পুলিশ মোতায়েন করে। পরে সিরাজুল হক এক ছাত্রদল নেতার বাড়িতে গভর্নিং কমিটির সভা করে বলে জানা গেছে।